
শিক্ষাঙ্গন

# বেরোবির ১ম সমাবর্তন ডিসেম্বরের মধ্যে

বেরোবি প্রতিনিধি
প্রকাশ: ০৫ সেপ্টেম্বর ২০২৫, ০৭:২৯ পিএম



অনুষ্ঠান আয়োজনের জন্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর সম্মতি দিয়েছেন। ডিসেম্বরের মধ্যে এ সমাবর্তন হবে। এতে সভাপতিত্ব করার জন্য আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে অনুমোদন দিয়েছেন রাষ্ট্রপতি।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব নাঈমা খন্দকার স্বাক্ষরিত এক চিঠির মাধ্যমে বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করা হয়।

চিঠিতে বলা হয়েছে- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় আইন ২০০৯-এর ৯(১) ধারা অনুযায়ী এই সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের বিষয়ে রাষ্ট্রপতি সম্মতি দিয়েছেন। পাশাপাশি অনুষ্ঠানে সভাপতিত্ব করার জন্য আইন মন্ত্রণালয়ের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে মনোনীত/ অনুমোদন দিয়েছেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর।

চিঠিতে অনুষ্ঠানের সময়সূচি ও কর্মসূচিসহ অন্যান্য আনুষ্ঠানিকতা দ্রুত সম্পন্ন করার জন্য আইন মন্ত্রণালয়ের উপদেষ্টার একান্ত সচিবের দপ্তরে জরুরিভিত্তিতে যোগাযোগ করার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা প্রথম সমাবর্তনকে কেন্দ্র করে ইতোমধ্যেই ব্যাপক প্রস্তুতি শুরু করেছেন। দীর্ঘদিনের প্রতীক্ষিত এ আয়োজন বেরোবির শিক্ষাজীবনে এক নতুন অধ্যায়ের সূচনা করবে বলে সবার প্রত্যাশা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ড. মো. হারুন-অর রশিদ বলেন, প্রথম সমাবর্তনকে কেন্দ্র করে প্রফেসর ড. তাজুল ইসলামকে আহ্বায়ক এবং পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. জাহিদ হোসেনকে সদস্য সচিব করে মূল কমিটিসহ কয়েকটা সাব-কমিটি করে দেওয়া হয়েছে। আমরা আশা করি ডিসেম্বরের মধ্যে সমাবর্তন সম্পন্ন হবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. তাজুল ইসলাম বলেন, দ্রুত সমাবর্তন কাজ সম্পাদনের জন্য আমাকে আহ্বায়ক করে বিশ্ববিদ্যালয়ের ছয়টি অনুষদের ডিন এবং পরীক্ষার নিয়ন্ত্রকসহ মোট ৮ সদস্যের মূল কমিটি ছাড়াও ১৭টি উপকমিটি করা হয়েছে।

এতে সম্মতি জ্ঞাপন করেছেন এবং আইন উপদেষ্টা আসিফ নজরুলকে সমাবর্তন অনুষ্ঠানের সভাপতিত্বের দায়িত্ব দিয়েছেন। এখন আসিফ নজরুল এই তিন দিন সময় দিতে পারবেন কিনা- আলোচনার পর চূড়ান্ত তারিখ নির্ধারণ করা হবে।